# নমুনা প্রশ্ন ও মানবন্টন : পূর্ণমান ১০০

- সৃজনশীল প্রশ্নের জন্য ৬০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৪০ নম্বর বরাদ্দ থাকবে।
- প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।

- **সৃজনশীল প্রশ্ন**
  সৃজনশীল অংশে মোট ৯টি প্রশ্ন থাকবে এবং উত্তর দিতে হবে মোট ৬টি প্রশ্নের।

- **বহুনির্বাচনি প্রশ্ন**
  ৪০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।

## সৃজনশীল প্রশ্নপত্রের সাধারণ কাঠামো

এতে প্রতিটি প্রশ্নের শুরুতে একটি দৃশ্যকল্প বা উদ্দীপক (Stem) থাকবে যা হতে পারে একটি সাধারণ সূচনা বক্তব্য, চার্ট, সমীকরণ, চিত্র, গ্রাফ ইত্যাদি। দৃশ্যকল্প বা উদ্দীপকের শেষে ৪টি প্রশ্ন থাকবে।
প্রশ্ন ৪টির নম্বর বন্টন হবে নিম্নরূপ:

**(ক) প্রশ্নের মান থাকবে ১**

**(খ) প্রশ্নের মান থাকবে ২**

**(গ) প্রশ্নের মান থাকবে ৩**

**(ঘ) প্রশ্নের মান থাকবে ৪**

প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট নম্বর হবে ১০।

# ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র

**(ব্যবস্থাপনা)**

কোর্স কোডঃ HSC-2885

## সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘন্টা ১০ মিনিট

পূর্ণমান- ৬০

[বিশেষ দ্রষ্টব্যঃ দক্ষিণ পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ুন এবং প্রশ্নগুলোর উত্তর দিন। যে কোন **ছয়টি** প্রশ্নের উত্তর দিন।]

নম্বর

১। জনাব 'A' আমের মৌসুমে রাজশাহী থেকে আম কিনে ঢাকায় বিক্রি করেন। গতানুগতিক ব্যবসায়ীগণ ফরমালিনের কথা চিন্তা না করেই রাজশাহীর বাজার থেকে আম কিনে ঢাকায় বিক্রি করে। কিন্তু জনাব 'A' সরাসরি রাজশাহীর আমের বাগান থেকে ফরমালিনমুক্ত আম কিনেন। ফরমালিনমুক্ত আম পচে লাভের পরিবর্তে ক্ষতিও হতে পারে তা জেনেও জনাব 'A' এই কাজ করেন।

(ক) ব্যবসায় কী? ১

(খ) পুনঃরপ্তানি বলতে কী বুঝায়? ২

(গ) জনাব 'A' এর ব্যবসায়ে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) জনাব 'A' এর কাজে উদ্যেঅক্তার কোন গুণটি ফুটে উঠেছে? বিশ্লেষণ করুন। ৪

২। মীম টুপিতে নক্সার কাজে বিশেষভাবে পারদর্শী। মধ্যপ্রাচ্যে ব্যাপক চাহিদা থাকায় সে নকশাকৃত টুপি তৈরির কারখানা স্থাপনের সিদ্ধান্ত নেয়। দক্ষতার কারণে অল্প সময়ের ব্যবধানে তার ব্যবসায় দেশে-বিদেশে সুনাম অর্জন করে। ফলে মীম তার ব্যবসায় সম্প্রসারণ করতে চায়। কিন্তু তার পর্যাপ্ত মূলধন নেই। তার দুই বন্ধু ব্যবসায়ে মূলধন সরবরাহ করতে চায়। পারস্পরিক সম্মতির ভিত্তিতে তারা তিন বন্ধু মিলে ব্যবসায় পরিচালনা করতে রাজী হয়।

(ক) ব্যবসায় পরিবেশ কী? ১

(খ) প্রত্যক্ষ সেবা বলতে কী বুঝায়? ২

(গ) মালিকানার ভিত্তিতে মীমের প্রথম পর্যায়ের ব্যবসায়ের ধরন ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে উল্লিখিত প্রথম ও ২য় পর্যায়ের ব্যবসায় সংগঠনের মধ্যে কোনটি শ্রেষ্ঠ? আপনার উত্তরের পক্ষে যুক্তি দিন। ৪

৩। মাহী সাত জন উদ্যোক্ত নিয়ে পদ্মা লিঃ নামে একটি যৌথ মূলধনী কোম্পানি গঠন করে। কোম্পানির স্মারকলিপিতে ২০ কোটি টাকা মূলধনের কথা উল্লেখ করা হয়েছে যা ১০০০ টাকা মূল্যের সাধারণ শেয়ারে বিভক্ত। কোম্পানি গঠনের পাঁচ বছর পর মেঘনা লিঃ কোম্পানি পদ্মা লিঃ কোম্পানির ৫৫% শেয়ার কিনে নেয়। ফলে মেঘনা কোঃ পদ্মা লিঃ কোম্পানির অধিকাংশ পরিচালক নিয়োগের ক্ষমতা লাভ করে।

(ক) পাবলিক লিঃ কোম্পানির ন্যূনতম পরিচালক সংখ্যা কত? ১

(খ) কোম্পানি সংগঠন কিভাবে মূলধন গঠনে ভূমিকা রাখে। ২

(গ) সূত্রের সাহায্যে পদ্মা লিঃ কোম্পানির বর্তমান শেয়ার সংখ্যা নির্ণয় করুন। ৩

(ঘ) পদ্মা লিঃ কোম্পানি ও মেঘনা লিঃ কোম্পানির মধ্যে পার্থক্য বিশ্লেষণ করুন। ৪

৪। আপনার এলাকার ১০০ জন কৃষক পণ্য উৎপাদন, ক্রয় ও বিক্রয়ের উদ্দেশ্যে 'সততা' নামের একটি সমবায় সমিতি গঠন করে। সমিতিতে তাদের প্রত্যেকের শেয়ার সমান। ২০১৫ সালে উক্ত সমিতি ১০ লক্ষ টাকা মুনাফা অর্জন করে। সমবায় আইন অনুযায়ী তারা অর্জিত মুনাফা নিজেদের মধ্যে বণ্টন করে।

(ক) সমবায় সমিতির উপ-বিধি কী? ১

(খ) সমবায় সমিতির সাম্যের নীতিটি ব্যাখ্যা করুন। ২

(গ) উদ্দীপকে উল্লিখিত সংগঠনটি কোন প্রকারের সমবায় সমিতি? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) "সততা" সমিতির প্রত্যেক সদস্যের প্রাপ্ত মুনাফা নির্ণয় করুন। ৪

৫। জনাব মুহিববুল্লাহ দীর্ঘ দিন গবেষণা করে এক ধরনের নতুন ধান বীজ উদ্ভাবন করেন। এই বীজ হতে অতি অল্প সেচে এবং অল্প সময়ে ধান উৎপন্ন হয়। তিনি বিশেষ চিহ্ন বিশিষ্ট প্যাকেটে করে উদ্ভাবিত ধান বীজ বাজারে বিক্রি করে থাকেন। তথাপি একটি অসাধু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান তাঁর উদ্ভাবিত বীজের অনুরূপ ধানের বীজ নকল করে বাজারজাত করছে। কিন্তু যথাযথ প্রমাণের অভাবে মুহিববুল্লাহ উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারেন নাই।

(ক) প্যাটেন্ট কী? ১
(খ) কপিরাইট বলতে কী বুঝায়? ২
(গ) উদ্দীপকে উল্লিখিত বিশেষ চিহ্নটিকে সংশ্লিষ্ট আইনের দৃষ্টিতে কী বলা হয়? ব্যাখ্যা করুন। ৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত উদ্ভূত পরিস্থিতিতে জনাব মুহিববুল্লাহ কর্তৃক আইনগত ব্যবস্থা গ্রহণের ব্যর্থতার কারণ বিশ্লেষণ করুন। ৪

৬। ঝিনাইদহের প্রত্যন্ত অঞ্চলের কৃষকদের মধ্যে এক ধরনের কৃষক সবজি উৎপাদনে পোকা দমনে কীটনাশকের পরিবর্তে প্রাকৃতিক পদ্ধতি ব্যবহার করে। কৃষকদের অন্য গ্রুপ ব্যাপক মাত্রায় কীটনাশক ব্যবহার করে। আঃ আলি ১ম শ্রেণির কৃষক থেকে বাকিতে সবজি ক্রয় করে ঢাকার বাজারে বিক্রি করে। বিক্রয় শেষে যথাসম্ভব তাড়াতাড়ি সে কৃষকদের বকেয়া পাওয়া পরিশোধ করে দেয়। ১ম প্রকারের সবজি বিক্রয়ে তুলনামূলকভাবে কম লাভ হলেও আঃ আলিম এ কাজে আত্মতৃপ্তি লাভ করেন।

(ক) প্রাথমিক শিল্প কি? ১
(খ) বি এস টি আই-এর কাজের ধরন ব্যাখ্যা করুন। ২
(গ) বকেয়া অর্থ সময়মত পরিশোদ করে আঃ আলিম ব্যবসায়ী হিসেবে কোন ধরনের দায়িত্ব পালন করে? ব্যাখ্যা করুন। ৩
(ঘ) আঃ আলিমের কীটনাশকমুক্ত সবজি-বিক্রয়ের কার্যক্রমটি নৈতিকতার মানদণ্ডে মূল্যায়ন করুন। ৪

৭। 'ABC' একটি সফটওয়ার প্রস্তুতকারী কোম্পানি সংগঠন। তারা সম্প্রতি ১০০টি সফটওয়ার তৈরির অর্ডার পায়। তাদের পর্যাপ্ত সংখ্যক দক্ষ লোকবল নাই। তাই তারা নির্দিষ্ট সময়ের মধ্যে কার্য সম্পাদনের জন্য ‘মুন’ কোম্পানিকে চুক্তির ভিত্তিতে ৩০টি সফঠওয়ার তৈরির দায়িত্ব দেয়। দক্ষ লোকবলের অভাবে পরবর্তীতে 'ABC' কোম্পানির নিয়মিত কার্যক্রম পরিচালনায় অচলাবস্থা দেখা দেয়। তাই তারা বিকল্প সমাধান না পেয়ে কোম্পানি বিলোপসাধানের সিদ্ধান্ত নেয়।

(ক) কোম্পানির বিলোপসাধন কী? ১
(খ) ব্যবসায়ের সহায়ক সেবা বলতে কী বুঝায়? ২
(গ) উদ্দীপকে বর্ণিত 'ABC' কোম্পানি কর্তৃক ‘মুন’ কোম্পানি দ্বারা কাজ করিয়ে নেয়া কোন ধরনের ব্যবসায়? ব্যাখ্যা করুন। ৩
(ঘ) 'ABC' কোম্পানি বিলোপসাধনের পদ্ধতি বিশ্লেষণ করুন। ৪

৮। জনাব ফাহিম ‘আলফা’ ব্যাংকের একজন সিনিয়র কর্মকর্তা। ‘আলফা’ ব্যাংক লেজার বুকের পরিবর্তে কম্পিউটারে গ্রাহকদের হিসাব সংরক্ষণ করে। তথ্য আদান প্রদানে চিঠির পরিবর্তে ই-মেইল, মোবাইল ফোন ইত্যাদি প্রযুক্তি ব্যবহার করে। গ্রাহকগণ ব্যাংকে না গিয়ে চেক ছাড়াই মুহূর্তে কার্ড ব্যবহার করে দিন রাত ২৪ ঘণ্টা টাকা তুলতে পারে।

(ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কী? ১
(খ) মোবাইল ব্যাংকিং বলতে কী বুঝায়? ২
(গ) “আলফা” ব্যাংকে কোন ধরনের ব্যাংকিং পদ্ধতি চালু আছে? ব্যাখ্যা করুন। ৩
(ঘ) তথ্য প্রযুক্তির ব্যবহার আর্থিক লেনদেনকে সহজতর করে দিয়েছে–উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করুন। ৪

৯। 'X' বাংলাদেশের একটি অনুন্নত অঞ্চল। অবকাঠামোসহ অন্যান্য অসুবিধার জন্য ঐ অঞ্চলে উল্লেখ করার মত কোনো মিল-কারখানা গড়ে ওঠে নাই। তাই শুধু মুনাফার কথা না ভেবে দেশের সুষম উন্নয়নের জন্য 'X' অঞ্চলে মিল-কারখানা গড়ে তোলার বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়।

(ক) সামাজিক ব্যবসায় কী? ১
(খ) বিমা হচ্ছে সদ্বিশ্বাসের চুক্তি–ব্যাখ্যা করুন। ২
(গ) মালিকানার ভিত্তিতে 'X' অঞ্চলে কোন ধরনের ব্যবসা সংগঠন উপযোগী? ব্যাখ্যা করুন। ৩
(ঘ) 'X' অঞ্চলে পরিকল্পিত ব্যবসায় প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্যই হবে জনকল্যাণ–উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করুন। ৪

# ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র

## (ব্যবস্থাপনা)

### বহুনির্বাচনি অভীক্ষা

সময়: ৪০ মিনিট

পূর্ণমান- ৪০

[বিশেষ দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান ১]

প্রশ্ন পত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

১। কোন দলিলে কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত নিয়ম-নীতি লেখা থাকে?
ক) বিবরণ পত্র খ) নিবন্ধন পত্র
গ) সংঘবিধি ঘ) সংঘস্মারক

২। ই-রিটেইলিং পদ্ধতিতে ব্যবসায় করার জন্য প্রয়োজন–
i) ইন্টারনেট সংযোগ ii) নিজস্ব ওয়েবসাইট iii) সরবরাহকারী চ্যানেল
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা কোন ধরনের সহায়ক সেবা প্রদান করে থাকে?
ক) উদ্দীপনামূলক খ) সমর্থনমূলক
গ) সংরক্ষণমূলক ঘ) আর্থিক

৪। সাপটা (SAPTA) চুক্তির সদস্য সংখ্যা কত?
ক) ৬ খ) ৭
গ) ৮ ঘ) ৯

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দিন।

আলফা ব্যাংক গরিব ও মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তির ব্যবস্থা করেছে। তাদের এ পদক্ষেপ দেশের ঝড়ে পড়া শিক্ষার্থীর সংখ্যা হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এছাড়াও ব্যাংকটি দেশের বিভিন্ন টেলিভিশন চ্যানেলে যৌতুক, সামাজিক কুপ্রথা ও মাদকাসক্তির বিরুদ্ধে নিয়মিত বিজ্ঞাপন দিয়ে যাচ্ছেন।

৫। আলফা ব্যাংকের শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রমকে নিচের কোনটির অন্তর্গত?
ক) ব্যবসায় নৈতিকতা খ) ব্যবসায় মূল্যবোধ
গ) ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালন ঘ) প্রাতিষ্ঠানিক মুনাফা অর্জন

৬। টেলিভিশন চ্যানেলে জনকল্যাণমূলক বিজ্ঞাপন দেয়ার মাধ্যমে আলফা ব্যাংক যা করতে চাচ্ছে তা হলো–
i) ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালন ii) মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করা iii) দারিদ্র নিরসন করা
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭। অনলাইনে পণ্যসামগ্রী বিক্রয়ের প্রক্রিয়াকে কী বলা হয়?
ক) ট্রেড খ) ই-কমার্স
গ) হোমসার্ভিস ঘ) বাণিজ্য

৮। দাতব্য চিকিৎসালয় স্থাপন দ্বারা সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন বুঝায়?
ক) শ্রমিক কর্মী খ) সরকার
গ) ক্রেতা ও ভোক্তা ঘ) সাধারণ জনগণ

৯। কোন ধরনের শেয়ার ক্রয়ের জন্য অর্থ প্রদান করতে হয়না?
ক) রাইট খ) বোনাস
গ) অগ্রাধিকার ঘ) সাধারণ

১০। বাংলাদেশে কত সালের পরিবেশ সংরক্ষণ আইন প্রচলিত?
ক) ১৯৯৫ খ) ১৯৯৬
গ) ১৯৯৭ ঘ) ১৯৯৮

১১। শিল্প কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক) স্বত্বগত খ) রূপগত
গ) স্থানগত ঘ) সময়গত

১২। ব্যবসায়ের মূখ্য উদ্দেশ্য কোনটি?
ক) সম্পত্তি অর্জন খ) মুনাফা অর্জন
গ) মানব সেবা ঘ) গ্রাহক সন্তুষ্টি

১৩। মানব সম্পদ কোন ধরনের পরিবেশের উপাদান?
ক) প্রাকৃতিক খ) অর্থনৈতিক
গ) সামাজিক ঘ) প্রযুক্তিগত

১৪। দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতি কোন ধরনের পরিবেশের মধ্যে পড়ে?
ক) সামাজিক খ) অর্থনৈতিক
গ) রাজনৈতিক ঘ) প্রাকৃতিক

নিচের উদ্দীপকটি পড়ে এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দিন

জনাব কবির মুন্সিগঞ্জ থেকে আলু সংগ্রহ করে হিমাগারে সংরক্ষণ করেন। উক্ত আলু আকার অনুযায়ী ভাগ করে খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রয় করে তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করেন।

১৫। জনাব কবির পণ্যের কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন?
ক) স্থানগত খ) ঝুঁকিগত
গ) কালগত ঘ) রূপগত

১৬। জনাব কবির কোন কাজ সম্পাদন করে খুচরা ব্যবসায়ীর নিকট আলু বিক্রয় করেন?
ক) পর্যায়িতকরণ খ) মোড়কিকরণ
গ) প্রমিতকরণ ঘ) অর্থসংস্থান

১৭। পৃথিবীর সকল দেশেই কোন ধরনের ব্যবসায় সংগঠনের সংখ্যা সর্বাধিক?
ক) এক মালিকানা খ) অংশীদারি
গ) যৌথমূলধনী ঘ) সমবায়

১৮। এক মালিকানা ব্যবসায়ের কোন অসুবিধা দুরীকরণের জন্য অংশিদারি ব্যবসায়ের উৎপত্তি ঘটে?
ক) ব্যক্তি সমর্থের সীমাবদ্ধতা খ) অসিম দায়
গ) স্থায়িত্বের অনিশ্চয়তা ঘ) পৃথক সত্তার অভাব

১৯। বাংলাদেশে বহাল অংশীদারি আইন কত সালের?
ক) ১৯১৩ খ) ১৯২০
গ) ১৯৩২ ঘ) ১৯৯৪

২০। অংশীদারি ব্যবসায়ের মূলভিত্তি নিচের কোনটি?
ক) শরিকানা খ) চুক্তি
গ) অর্থ ঘ) বিশ্বাসের সম্পর্ক

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দিন

জনাব রাতুল তার চাকুরির পাশাপাশি নিজ বাড়ীতে পুকুরে মাছ চাষ করার সিদ্ধান্ত নেন। কিন্তু বেশী সময় দেয়া সম্ভব নয় বলে তিনি এ ব্যবসায়টি তার ছোট ভাই সদ্য ডিগ্রী পাস করা পিতুলের কাছে হস্তান্তর করেন। জনাব রাতুল তার চাকুরিস্থলের পাশে নতুন করে একটি স্টেশনারি দোকান দেন। এতে তিনি সফল হন।

২১। ব্যবসায়ের পরিবর্তনে জনাব রাতুলের কোন গুণটি লক্ষণীয়?
ক) ঝুঁকি গ্রহণের মানসিকতা খ) নমনীয়তা
গ) স্বাধীনচেতা মনোভাব ঘ) সৃজনশীলতা

২২। উদ্দীপকে রাতুলের কর্মকাণ্ড দেশে–
i) নতুন উদ্যোক্তা সৃষ্টি হয় ii) আত্মকর্মসংস্থান সৃষ্টি হয় iii) চাকুরির উপর নির্ভরশীলতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩। অংশীদারি চুক্তিপত্র হতে পারে–
i) মৌখিক ii) লিখিত iii) নিবন্ধিত
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দিন।
ক, খ, গ তিন বন্ধু সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় শুরু করেন। লাভ লোকসান বণ্টন নিয়ে পূর্বের কোনো সমঝোতা না থাকায় ক বন্ধুটি অধিক মুনাফা দাবী করে। অন্যদিকে করিম নামের একজন দেনাদার ৫০,০০০ টাকা দেনা পরিশোধ করছেনা ফলে নানা ধরনের জটিলতা সৃষ্টি হচ্ছে।

২৪। উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যবসায় সংগঠন?
ক) এক মালিকানা খ) অংশীদারি
গ) যৌথমূলধনী ঘ) রাষ্ট্রীয়

২৫। উদ্দীপকে বর্ণিত পাওনা টাকা আদায়জনিত সমস্যা সমাধানে পূর্বেই যে পদক্ষেপ গ্রহণ জরুরী ছিল–
i) লিখিত চুক্তি ii) শালিসকারী নিয়োগ iii) চুক্তি নিবন্ধন
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬। লিমিটেড শব্দটি কোন ব্যবসায়ের ক্ষেত্রে ব্যবহার করা হয়?
ক) এক মালিকানা খ) কোম্পানি
গ) অংশিদারি ঘ) সমবায়

২৭। কোনটি কোম্পানির গঠনতন্ত্র?
ক) পরিমেল নিয়মাবলি খ) কার্যারম্ভের অনুমতি পত্র
গ) বিবরণী পত্র ঘ) স্মারক লিপি

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দিন।
সাকিব, রকিব ও তাদের আরও ৩ বন্ধু মিলে কৃত্রিম ব্যক্তিস্বত্ত্বা বিশিষ্ট একটি ব্যবসায় প্রতিষ্ঠান গঠন করেন। সম্প্রতি বাজারে শেয়ার বিক্রয়ের জন্য তারা প্রতিষ্ঠানটির গঠনগত কাঠামো পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছেন।

২৮। উদ্দীপকে বর্ণিত প্রথম পর্যায়ের সংগঠনটি কোন ধরনের কোম্পানী?
ক) প্রাইভেট লিমিটেড খ) পাবলিক লিমিটেড
গ) হোল্ডিং ঘ) সাবসিডিয়ারী

২৯। বাজারে শেয়ার বিক্রির জন্য প্রতিষ্ঠানটিকে–
i) পরিমেল নিয়মাবলি পরিবর্তন করতে হবে
ii) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হতে হবে
iii) সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদন নিতে হবে
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩০। প্রাথমিক সমবায় সমিতির সর্বনিম্ন সদস্য সংখ্যা কতজন?
ক) ২ খ) ৭
গ) ১০ ঘ) ২০

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দিন।

কুয়াকাটা জেলে পল্লীতে জেলেরা স্থানিয় মহাজনদের অত্যাচারের শিকার। তারা সবাই একত্রিত হয়ে একটি সমবায় সমিতি গঠন করল। সমিতির মাধ্যমে তারা নানান সুবিধা পাচ্ছে বলে সবাই আনন্দিত।

৩১। সদস্যদের প্রকৃতি বিচারে উদ্দীপকের সমবায়-সমিতিটি কোন ধরনের?

ক) উৎপাদক
খ) ক্রয়
গ) বিক্রয়
ঘ) ঋণদান

৩২। জেলেরা সমবায় সমিতি গঠন করে যে সকল সুবিধা পেতে পারে তা হলো–

i) সঞ্চয় ও ঋণ সুবিধালাভ ii) একত্রে ক্রয়-বিক্রয় iii) সরকারি ত্রাণ সহায়তা প্রাপ্তি

নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩৩। টেলিটক কোন ব্যবসায়ের অন্তর্গত?

ক) কোম্পানি ব্যবসায়
খ) রাষ্ট্রীয় ব্যবসায়
গ) বৈদেশিক সংস্থার ব্যবসায়
ঘ) আধাস্বায়ত্ত শাসিত ব্যবসায়

৩৪। রাষ্ট্রীয় ব্যবসায় ন্যূনতম কত শতাংশ শেয়ার সরকারের মালিকানায় থাকে?

ক) ৪৯
খ) ৫০
গ) ৫১
ঘ) ১০০

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দিন

সরকার শহরবাসীদের নিরাপদ পানি সরবরাহের জন্য একটি প্রতিষ্ঠান গঠন করেন। প্রতিষ্ঠানটি কিভাবে পরিচালিত হবে এবং এর মুনাফা কীভাবে বণ্টন করা হবে তার জন্য জাতীয় সংসদে একটি আইন পাস করা হয়।

৩৫। উদ্দীপকের সংগঠনটি কোন প্রকৃতির?

ক) সমবায়
খ) রাষ্ট্রিয়
গ) প্রাইভেট লিঃ
ঘ) পাবলিক লিঃ

৩৬। প্রতিষ্ঠানটির মুনাফা কীভাবে বণ্টিত হবে?

ক) সরকার ভোগ করে
খ) দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় ভোগ করে
গ) জাতীয় কোষাগারে জমা হবে
ঘ) প্রধানমন্ত্রীর তহবিলে জমা হবে

৩৭। ট্রেড মার্ক কী?

ক) পণ্য চিহ্ন
খ) পণ্য সত্বা
গ) পণ্য পরিচিতি
ঘ) পণ্য মোড়ক

৩৮। বৈধ ট্রেডমার্ক কত বছরের জন্য নবায়ন করা যেতে পারে?

ক) ৫
খ) ১০
গ) ১৫
ঘ) ২০

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দিন।

জনাব খানের লেখা বই এর একটি অধ্যায় অন্য একটি গাইড বইতে হুবহু তুলে দেয়া হয়েছে। জনাব খানের এমন পদক্ষেপ গ্রহণ করা আছে যার সাহায্যে গাইড বইটির লেখককে তিনি শাস্তির ব্যবস্থা করতে পারেন। তবে তিনি এক্ষেত্রে দেওয়ানী আদালতের সাহায্য নিবেন বলে জানালেন।

৩৯। জনাব খানের গৃহীত পদক্ষেপটি কোন আইনের আওতায় পড়ে?

ক) পেটেন্ট
খ) কারখানা
গ) ট্রেড মার্ক
ঘ) কপিরাইট

৪০। উদ্দীপকে উল্লেখিত গাইড বই এর লেখকের যে শাস্তি হতে পারে তা হলো–

ক) দুই বছর কারাদণ্ড
খ) ৬ মাস কারাদণ্ড
গ) ২ লাখ টাকা অর্থদণ্ড
ঘ) বইটিতে নিষেধাজ্ঞা জারি